

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৭৫

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম তাকবীর বলা ও কিরা'আত বলার মাঝে চুপ থাকার সময় কী বলতেন তার বর্ণনা

ذِكْرُ وَصنْفِ الدُّعَاءِ الَّذِي كَانَ يَدْعُو بِهِ الْمُصنْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَكْتَتِهِ بَيْنَ التَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَكْتَتِهِ بَيْنَ التَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَكْتَتِهِ بَيْنَ التَّكْبِيرِ وَالْقِرَاءَةِ

আরবী

1775 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حدثنا أبو خيثمة قال: حدثنا جرير عن عُمَارَةَ بْنِ الْقَعْقَاعِ عَنْ أَبِي زُرْعَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كَبَّرَ فِي الصَّلَاةِ سَكَتَ هُنَيْهَةً قَبْلَ أَنْ يَقْرَأَ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ بِأَبِي أَنْتَ وَأُمِّي وَسَلَّمَ إِذَا كَبَّرَ فِي الصَّلَاةِ سَكَتَ هُنَيْهَةً قَبْلَ أَنْ يَقْرَأَ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ بِأَبِي أَنْتَ وَأُمِّي وَسَلَّمَ إِذَا كَبَنْ المَّهُ بِينَ التَّكْبِيرِ وَالْقِرَاءَةِ مَا تَقُولُ؟ قَالَ: (اللَّهُمَّ بَاعِدْ بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ كَمَا أَرَأَيْتَ سُكُوتَكَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَعْرِبِ اللَّهُمُّ نَقِنِي مِنَ الْخَطَايَا كَمَا يُنَقَّى الثَّوْبُ الْأَبْيَضُ مِنَ الْخَطَايَا كَمَا يُنَقَّى الثَّوْبُ الْأَبْيَضُ مِنَ الْدَيْسَ اللَّهُمَّ اغْشِلْنِي من خطاياي بالثلج والماء والبرد) اللَّهُمَّ اغْسِلْنِي من خطاياي بالثلج والماء والبرد) الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1775 ا خلاصة حكم المحدث: صحيح. ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1775 ا خلاصة حكم المحدث: صحيح. ((صحيح أبي داود))

বাংলা

১৭৭৫. আবৃ হুরাইরা রাদ্মিাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন তাকবীর বলতেন, তখন তিনি তাকবীর বলা ও কিরা'আত বলার মাঝে চুপ থাকতেন। ফলে আমি তাঁকে জিজ্ঞেস করলাম, "আপনার জন্য আমার বাবা-মা উৎসর্গ হোক। তাকবীর বলা ও কিরা'আত বলার মাঝে আপনার চুপ থাকা সম্পর্কে আমাকে অবহিত করুন, এসময় আপনি কী বলেন?" জবাবে তিনি বলেন,

اللَّهُمَّ بَاعِدْ بَيْنِي وَيَيْنَ خَطَايَايَ كَمَا بَاعَدْتَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ اللَّهُمَّ نَقّنِي مِنْ خَطَايَايَ كَمَا يُنَقَّى الثَّوْبُ



الْأَبْيَضُ مِنَ الدَّنَسِ اللَّهُمَّ اغْسِلْنِي مِنْ خَطَايَايَ بالماء والثلج والبرد.

(হে আল্লাহ, আপনি আমার মাঝে ও আমার পাপসমূহের মাঝে দূরত্ব সৃষ্টি করে দিন, যেমন দূরত্ব করে দিয়েছেন পূর্ব ও পশ্চিমের মাঝে। হে আল্লাহ, আপনি আমাকে পরিস্কার করুন যেভাবে সাদা কাপড়কে ময়লা থেকে পরিস্কার করা হয়। হে আল্লাহ, আপনি আমাকে আমার পাপসমূহ থেকে ধৌত করুন পানি, বরফ ও শিলা দ্বারা)।"[1]

ফুটনোট

[1] ইবনুল জারূদ, আল মুনতাকা: ৩২০; মুসনাদ আহমাদ: ২/২৩১; সহীহ মুসলিম: ৫৯৮; আবূ দাউদ: ৭৮১; ইবনু মাজাহ: ৮০৫; আবূ আওয়ানা: ১/৯৮-৯৯; সহীহ আল বুখারী: ৭৪৪; দারেমী: ১/২৮৩; সুনান বাইহাকী: ২/১৯৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৭৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন